গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**
www.hsd.gov.bd

স্মারক নম্বর- ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০- 07

তারিখ: ২৪ পৌষ ১৪২৯ / ০৮ জানুয়ারী ২০২৩

**বিষয়ঃ** ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৬.১২.২০২২ তারিখ স্বাস্থ্য সেবা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি/গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি আগামী ১০.০২.২০২৩ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-monitor@hsd.gov.bd) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/১/২০২৩
(তৌহিদ এলাহী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৯৫৭৭৯৮৯
ই-মেইল: monitor@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা
৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৭। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। সিনিয়র সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
৯। ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার,
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ২৬.১২.২০২২ খ্রিঃ, বেলা: ৩:০০ ঘটিকা

সভাপতি নৈতিকতা কমিটির উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার শুরুতেই স্বাস্থ্য সেবা বিভাগের সকল অনুবিভাগের কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম মর্মে তিনি জানান। তিনি বলেন, শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠা, জবাবদিহিতার নিশ্চিত ও দুর্নীতি নির্মূল সম্ভব। তিনি করোনা পরবর্তী ঢেউ মোকাবেলায় বর্তমান সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়ন অব্যাহত রাখতে বলেন। সভাপতির অনুমতিক্রমে জনাব তৌহিদ এলাহী, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ২৯.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সভায় ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার লক্ষ্যমাত্রা অর্জন, প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও লক্ষ্যমাত্রার প্রমাণক আবশ্যিকভাবে সংরক্ষণ সম্পর্কিত আলোচনা করা হয়।<br><br>সভায় সর্বসম্মতিক্রমে মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। সংশোধিত কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক দপ্তর/সংস্থা শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সংশোধন ও ওয়েবসাইটে আপলোড এবং ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ১০ জানুয়ারি/২৩ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে বলা হয়। আগামী সভায় দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভার অগ্রগতি নৈতিকতা কমিটি অর্জন নিয়ে আলোচনা করতে হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | ১) স্বাস্থ্য সেবা বিভাগের সংশোধিত শুদ্ধাচার কর্মপরিকল্পনাটি ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>২) ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>৩) দপ্তর/সংস্থা সংশোধিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ ওয়েবসাইটে আপলোড এবং ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ১০ জানুয়ারি/২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>৪) আগামী সভায় দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভার অগ্রগতি ও অর্জন নিয়ে আলোচনা করতে হবে।<br>৫) স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে। | • সকল অনুবিভাগ<br>• সকল দপ্তর/শাখা<br>• প্রশাসন-৪ শাখা |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) প্রতিবেদন ১৫ জানুয়ারির মধ্যে মন্ত্রিপরিষদে প্রেরণ করতে বলেন। এছাড়া, তিনি স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে সকলকে আরো সচেষ্ট হতে বলেন। | | |
| ২.২ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :**<br><br>**১.১ নৈতিকতা কমিটির সভা:** নৈতিকতা কমিটির প্রথম সভা গত ২৯.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির ২য় সভা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। পরবর্তী নৈতিকতা কমিটির সভা ফেব্রুয়ারি/২৩ মাসে করার বিষয়ে ও প্রয়োজনে প্রতিমাসে নৈতিকতার সভা করা যেতে পারে মর্মে সভার আলোচনা হয়।<br><br>**১.২: নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন:** সভায় নৈতিকতা কমিটির প্রথম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার গৃহীত সিদ্ধান্তের শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়। সভাপতি বাস্তবায়ন ও পরিমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে নির্দেশনা দেন।<br><br>**১.৩: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা:** কর্মপরিকল্পনানুযায়ী অংশীজনের দুটি সভার মধ্যে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। আরেকটি সভা ৩য় কোয়ার্টারে অনুষ্ঠিত হবে।<br><br>**১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন লক্ষ্যমাত্রা :** জনের ২০০কোয়ার্টারে ৩অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এ পর্যন্ত ২ কোয়ার্টারে ১২০ জনের প্রশিক্ষন সমাপ্ত হয়েছে। ৩য় কোয়ার্টারে ৮০ জনকে ফেব্রুয়ারি মাসে ২৩/প্রশিক্ষণ দেওয়া হবে।<br><br>**১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন:** ১) কর্মপরিবেশের উন্নয়নকল্পে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে। নিয়মিত কর্মপরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম মনিটরিং করার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব অর্পন করা হয়েছে। রোস্টার খাতা মেইনটেই করা হচ্ছে মর্মে জানানো হয়।<br><br>**২) নথি বিনষ্টকরণ/নিষ্পত্তিকরণ:** নথিটি নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে এবং নথি বিনষ্ট কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানানো হয়। সভাপতি সকল শাখাকে গ ও ঘ শ্রেণীর বা বিনষ্টযোগ্য নথিগুলি নষ্ট করতে অনুরোধ জানান। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখাকে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় পাঠানোর নিমিত্ত পত্র প্রেরণের জন্য প্রশাসন-২ কে নির্দেশনা প্রদান করেন। | ১) নৈতিকতা কমিটির ৩য় সভা ফেব্রুয়ারি/২৩ মাসে করতে হবে।<br><br>২) সভায় বাস্তবায়ন ও প্রমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br><br>৩) অংশীজনের ২য় সভা ৩য় কোয়ার্টারে আয়োজন করতে হবে।<br><br>৪)আগামী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলোকে নির্ধারিত সময়ে অর্জন করার প্রতি জোর দিতে হবে।<br><br>৫) ফেব্রুয়ারি/২৩ মাসে ৩য় কোয়ার্টারে আরো ৮০ জনকে প্রশিক্ষণ দিতে হবে।<br><br>৬)সকল শাখাকে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় পাঠানোর নিমিত্ত একটি পত্র প্রেরণ করতে হবে।<br><br>৭)জানুয়ারি/২৩ মাসের মধ্যে আরেকটি ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে। | • সকল অনুবিভাগ<br>• প্রশাসন-৪ শাখা |

| | | | |
|---|---|---|---|
| | **১.৬ ফিডব্যাক ওয়ার্কশপ:** কর্মপরিকল্পনায় ৩টি ফিডব্যাক ওয়ার্কশপের আয়োজনের কথা রয়েছে-এর মধ্যে প্রথমটি সম্পন্ন হয়েছে। জানুয়ারি/২৩ মাসের মধ্যে আরেকটি ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | | |
| ২.৩ | **আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন:**<br>সভায় বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা, পিআইসি সভা এবং প্রকল্প শেষে সম্পদ হস্তান্তরবিধি সম্পর্কিত বিশদ আলোচনা হয়।<br><br>**২.১ রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ:** নির্ধারিত সময়ে রাজস্ব খাতের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উন্নয়ন খাতের ক্রয় পরিকল্পনা অনুমোদন সাপেক্ষে ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে মর্মে জানানো হয়। প্রকল্প/অপারেশন প্লান এর বার্ষিক ক্রয় পরিকল্পনা শুদ্ধাচার কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সভাপতি জেলা ও উপজেলা পর্যায়ে PPR অনুযায়ী ক্রয়কার্য সম্পাদন করতে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাকে মনিটরিং করতে নির্দেশনা প্রদান করেন এবং এ ক্রয় কার্যক্রম যাতে যথাযথ মনিটরিং হয় তারও পরামর্শ দেন। তিনি ক্রয় পরিকল্পনা পূর্ণাঙ্গ বা আংশিকভাবে ওয়েবসাইটে আপলোডের বিষয়টি যাচাই-বাছাই করে দেখতে বলেন।<br><br>**২.২ বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন:** ১ম কোয়ার্টারের নির্ধারিত প্রমাপ মোতাবেক রাজস্বখাতের ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়। ক্রয় পরিকল্পনা অনুমোদন হলে পরবর্তীতে প্রশাসনিক অনুমোদনের কোন দরকার নেই।<br><br>**২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন:** ১ম কোয়ার্টারের নির্ধারিত প্রমাপ মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় জানানো হয়।<br><br>**২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন :** কর্মপরিকল্পনা মোতাবেক ১৩৫টি PSC এবং ১৬৮টি PIC সভা আয়োজন করতে হবে। ১ম কোয়ার্টারে ১০ (PSC) ও ১২ (PIC) সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী কোয়ার্টারে প্রমাপ মোতাবেক (PSC) ও (PIC) সভা অনুষ্ঠিত করতে হবে।<br><br>**২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের বিধি মোতাবেক হস্তান্তর:** গোপালগঞ্জে এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড (ইডিসিএল) প্রকল্প (২য় সংশোধিত) ডিসেম্বর, ২০২২-এ শেষ হচ্ছে। সভাপতি জনপ্রশাসনের ফরম্যাট অনুযায়ী প্রকল্প হস্তান্তর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ইডিসিএলকে অনুরোধ জানান। | ১) ২০২২-২০২৩ অর্থবছরের উন্নয়ন খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে হবে;<br><br>২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সচেষ্ট হতে হবে;<br><br>৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে হবে;<br><br>৪) ক্রয় পরিকল্পনা পূর্ণাঙ্গ বা আংশিকভাবে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে কিনা যাচাই-বাছাই করে দেখতে হবে;<br><br>৫) জনপ্রশাসনের ফরম্যাট অনুযায়ী প্রকল্প হস্তান্তর সম্পন্ন করতে ইডিসিএলকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | • **উন্নয়ন অনুবিভাগ**<br>• **পরিকল্পনা অনুবিভাগ** |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:**<br>**৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ:** গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ গ্রহণকারী সরকারী কর্মকর্তাগণকে বছর শেষে মন্ত্রণালয়ের অন্যকোন গাড়ি ব্যবহার করেন না মর্মে প্রত্যয়ন প্রদান করবেন। সচিব মহোদয় প্রত্যয়ন পত্রে প্রতিস্বাক্ষর করবেন। এছাড়া, প্রশাসন-২ স্বাস্থ্য সেবা বিভাগের গাড়ি যথাযথ ব্যবহার হচ্ছে মর্মে প্রত্যয়ন পত্র দেবেন।<br><br>৩.২ ফেনী ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের স্টক ম্যানেজমেন্টের স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফটওয়্যার চালুকরণে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করেছে। এমআইএস সফট্ওয়্যারটি তৈরিতে প্রযুক্তিগত সহায়তা করছে এবং নির্ধারিত সময়ের মধ্যে সফট্ওয়্যারটি চালু হবে মর্মে জানিয়েছে। স্টক ম্যানেজমেন্ট সফট্ওয়্যারটি কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ের মধ্যে চালু করতে হবে।<br><br>৩.৩ বগুড়া জেলার ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দৌলতখান, ভোলা আউটসোর্সিংয়ের কর্মচারীদের বেতন শতভাগ একাউন্ট পে নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। সভায় আউটসোর্সিংয়ে নিয়োগ ও বেতন প্রদানের স্বচ্ছতার অভাব বিষয়ক অভিযোগ এবং স্বচ্ছতা আনয়নের কৌশল নিয়ে আলোচনা করা হয়। সভাপতি আউটসোর্সিং কার্যক্রমকে সঠিকভাবে পরিচালনার কৌশল নির্ধারণের জন্য আলাদা একটি সভা আহবানের কথা বলেন।<br><br>হাসপাতাল পরিদর্শনের সময় কর্মকর্তাগণ শতভাগ একাউন্ট পে এর বিষয়টি নিশ্চিত করবেন। স্বচ্ছতা আনয়নের জন্য ইউজার ও অর্থ মন্ত্রণালয় নিয়ে প্রয়োজনে বৈঠক করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>৩.৪ ২৫০ শয্যা জেলা হাসপাতাল, নীলফামারীতে ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফটওয়্যার চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর জানায়। কর্মপরিকল্পনা মোতাবেক আগামী বছরের মার্চ মাসের মধ্যে সফট্ওয়্যার চালু করা হবে। | ১) গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ গ্রহণকারী সরকারী কর্মকর্তাগণকে বছর শেষে মন্ত্রণালয়ের অন্যকোন গাড়ি ব্যবহার করেন না মর্মে প্রত্যয়ন প্রদান করবেন। সচিব প্রত্যয়ন পত্রে প্রতিস্বাক্ষর করবেন।<br><br>২) প্রশাসন-২ স্বাস্থ্য সেবা বিভাগের গাড়ি যথাযথ ব্যবহার হচ্ছে মর্মে প্রত্যয়ন পত্র দেবেন।<br>৩) স্টক ম্যানেজমেন্ট সফট্ওয়্যারটি কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ের মধ্যে চালু করতে হবে।<br><br>৪) আউটসোর্সিং কার্যক্রম সঠিকভাবে পরিচালনার কৌশল নির্ধারণের জন্য আলাদা একটি সভা আহবান করতে হবে। প্রয়োজনে সকল বিভাগ এবং জেলা পর্যায়ে সভা করা যেতে পারে।<br><br>৫) হাসপাতাল পরিদর্শনের সময় কর্মকর্তাগণ শতভাগ একাউন্ট পে হচ্ছে কিনা নিশ্চিত করবেন।<br><br>৬) কর্মপরিকল্পনা মোতাবেক আগামী বছরের মার্চ মাসের মধ্যে সফট্ওয়্যার চালু করতে হবে। | • সংশ্লিষ্ট অনুবিভাগ দায়িত্ব প্রাপ্ত **কর্মকর্তাগণ** |
| | **নৈতিকতা কমিটির কার্যপরিধিভুক্ত বিষয় নিয়ে আলোচনা:** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সময়মত তথ্য আপলোড করা, প্রমাপ মোতাবেক নির্ধারিত সময়ে পরিদর্শন করা, সময়মত প্রতিবেদন প্রেরণ, সঠিক প্রমাণক প্রদান, দ্রুত বাস্তবায়নের ফলে মুল লক্ষ্য অর্জনে ব্যর্থতা প্রভৃতি চ্যালেঞ্জের বিষয়ে আলোচনা হয়। সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নির্ধারিত সময়ে সঠিকভাবে | ১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নির্ধারিত সময়ে সঠিকভাবে ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি কম্পিউটার সেল মনিটরিং করবে।<br><br>২) হাসপাতাল পরিদর্শনের জন্য তৈরিকৃত নতুন ফরমে এপিএ/শুদ্ধাচার অংশটি অন্তর্ভুক্ত করতে হবে। | • **সংশ্লিষ্ট অনুবিভাগ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ** |

| | | | |
|---|---|---|---|
| | ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি মনিটরিং করতে কম্পিউটার সেলকে নির্দেশনা প্রদান করেন।<br><br>সভায় হাসপাতাল পরিদর্শন এবং সুপারিশগুলো বাস্তবায়ন হয়েছে কিনা তা মনিটরিং করা অন্যতম চ্যালেঞ্জ মর্মে উল্লেখ করা হয়। সভাপতি হাসপাতাল পরিদর্শনের জন্য তৈরিকৃত নতুন ফরমে এপিএ ও শুদ্ধাচার অংশটি অন্তর্ভুক্ত করতে বলেন। ডিসেম্বরের মধ্যে পরিদর্শনকৃত সমস্ত সরকারী হাসপাতাল ফলোআপ করতে হবে মর্মে আলোচনা হয়। | ৩) ডিসেম্বরের মধ্যে পরিদর্শনকৃত সমস্ত সরকারী হাসপাতালগুলোতে প্রদত্ত নির্দেশনাগুলো ফলোআপ করতে হবে। | |

৩. এজেন্ডাভিত্তিক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

(ড.মু: আনোয়ার হোসেন হাওলাদার)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়